



## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭

[www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)



স্মারক নং :- ৫৭.১৭.০০০০.২০১.০৫.২১.০০৩


তারিখ: ০৮ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ  
২৩ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

### বিজ্ঞপ্তি

মাননীয় শিক্ষামন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ২০২১-২০২২ শিক্ষাবর্ষ হতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ১ম পর্বে ভর্তিচ্ছু সাধারণ, মাদ্রাসা এবং কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষাধারার যথাক্রমে বিজ্ঞান, দাখিল (বিজ্ঞান) ও এসএসসি (ভোকঃ)/দাখিল (ভোকঃ) ব্যতীত অন্যান্য বিভাগের (Non-Science) শিক্ষার্থীদের বিজ্ঞান ও গণিতে শিখনস্বল্পতা (Learning Gap) দূরীকরণের লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (Remedial Course) সম্পন্নকরণ সংক্রান্ত নীতিমালা- ২০২১ মোতাবেক কার্যসম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

### সংযুক্তিঃ

- ১। Remedial Course এর কোর্স স্ট্রাকচার ও সিলেবাস।
- ২। Remedial Course এর সংশোধিত নীতিমালা-২০২১।

  
(প্রকৌ. ফরিদ উদ্দিন আহমেদ)  
পরিচালক (কারিকুলাম)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

### অধ্যক্ষ


ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের সকল পর্যায়ের সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানসমূহ।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০৫.২১.০০৩ (১১)

তারিখঃ ২৩/১২/২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
(দৃঃ আঃ অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।)
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।  
(দৃঃ আঃ পরিচালক, পলিটেকনিক (পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।)
- ৩। উপসচিব (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫-৮। সচিব/পরিচালক (আইটিসি)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা।
- ১১। অফিস নথি।

  
(রূপক কান্তি বিশ্বাস)  
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)  
ফোনঃ ০২-৫৫০০৬৫৪০

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

শের-ই-বাংলা নগর আগারগাঁও,

ঢাকা-১২০৭

[www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)



সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (REMEDIAL COURSE) সম্পন্ন করলে সাধারণ, মাদ্রাসা এবং কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষাধারার যথাক্রমে বিজ্ঞান, দাখিল (বিজ্ঞান) ও এসএসসি (ভোকঃ)/দাখিল (ভোকঃ) ব্যতীত অন্যান্য বিভাগের (Non-Science) শিক্ষার্থীরা ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে।

## কোর্স স্ট্রাকচার ও সিলেবাস

(২০২১-২০২২ শিক্ষাবর্ষ হতে কার্যকর হবে)

২৬/১২/২০

২৬/১২/২০

## বিষয়ঃ গণিত

### সিলেবাস (তৃতীয়)

মূলনীতি (Rationale)	<ul style="list-style-type: none"><li>বীজগণিতের মূল পরিভাষা পরিচিত করা</li><li>ত্রিকোণমিতিক জ্ঞান দ্বারা ইঞ্জিনিয়ারিং গুরুত্বপূর্ণ সমস্যার সমাধান করতে পারা</li><li>দ্বিপদী বিস্তৃতি বুঝতে পারা</li><li>মুলা ধারণা, সংযোজনের কৌশল, ভেক্টরের বিশ্লেষণ ও লব্ধি ভেক্টর গণনায় অধিক বুঝতে পারা</li></ul>
শিখনফল (তৃতীয়)	চারনস্থল ও পাল্লা নির্ণয়। বহুপদীর ব্যাখ্যা। দ্বিঘাত সমীকরণ, সূচকীয় সমীকরণ ও অসমতার সমাধান। প্যাসকেলের ত্রিভুজ দ্বারা দ্বিপদী উপপাদ্য। ভেক্টরের যোগ ও বিয়োগ। কোণের পরিমাপ নির্ণয়। ত্রিকোণমিতিক অনুপাত নির্ণয়। আয়তাকার, কার্ভেসীয় স্থানাংক ও সরলরেখার ঢাল। সরলরেখার সমীকরণ নির্ণয়। ত্রিভুজের ক্ষেত্রফল।
শিখনফল (ব্যবহারিক)	ফাংশন, বহুপদী, দ্বিঘাত সমীকরণ, দ্বিপদী বিস্তৃতি, ত্রিকোণমিতিক সমীকরণ বিষয়ক সমস্যার সমাধান। ত্রিভুজাকৃতি ও চতুর্ভুজাকৃতি ক্ষেত্রের ক্ষেত্রফল।

### বিষয়বস্তুঃ

#### ১ ফাংশনঃ

- ১.১ ফাংশনের সংজ্ঞা।
- ১.২ ফাংশনের চারণস্থল (domain) এবং পাল্লা (range) উল্লেখ করা।
- ১.৩ উদাহরণের সাহায্যে এক-এক ফাংশন, সার্বিক ফাংশন, এক-এক সার্বিক ফাংশনের ব্যাখ্যা।
- ১.৪ বিপরীত ফাংশনের ব্যাখ্যা।
- ১.৫ ফাংশনের সাথে সম্পর্কিত সমস্যার সমাধান।

#### ২ বহুপদীঃ

- ২.১ বহুপদীর ব্যাখ্যা।
- ২.২ উদাহরণের মাধ্যমে একচলক বিশিষ্ট বহুপদীর ব্যাখ্যা।
- ২.৩ বহুপদীর গুন ও ভাগ।
- ২.৪ বহুপদীর সম্পর্কিত সমস্যার সমাধান।

#### ৩ সমীকরণঃ

- ৩.১ দ্বিঘাত সমীকরণের সমাধান ( $ax^2 + bx + c = 0$ )।
- ৩.২ বর্গমূল বিশিষ্ট সমীকরণ চিহ্নিত করা।
- ৩.৩ বর্গমূল বিশিষ্ট সমীকরণের সমাধান।
- ৩.৪ সূচকীয় সমীকরণের ব্যাখ্যা।
- ৩.৫ সূচকীয় সমীকরণের সমাধান।
- ৩.৬ দুইচলক বিশিষ্ট একঘাত ও দ্বিঘাত সমীকরণ জোটের সমাধান।
- ৩.৭ দুইচলক বিশিষ্ট সূচকীয় সমীকরণ জোটের সমাধান।

#### ৪ অসমতাঃ

- ৪.১ এক ও দুই চলক বিশিষ্ট অসমতার ব্যাখ্যা।
- ৪.২ দুই চলক বিশিষ্ট সহজ অসমতার গঠন ও সমাধান।

২৬/১২/২০

২৬/১২/২০

৫ দ্বিপদী বিস্তৃতিঃ

- ৫.১ দ্বিপদী বিস্তৃতির বর্ণনা।  
৫.২ প্যাসকেলের ত্রিভুজের বর্ণনা।  
৫.৩ ধনাত্মক ও ঋনাত্মক সূচকের দ্বিপদী উপপাদ্যের বর্ণনা।  
৫.৪  $n!$  এবং সমাবেশ  $n$  — এর মান নির্ণয়।  
৫.৫ দ্বিপদী বিস্তৃতির সাহায্যে গাণিতিক সমস্যার সমাধান।

৬ ভেক্টরঃ

- ৬.১ স্কেলার ও ভেক্টরের সংজ্ঞা।  
৬.২ প্রতীকের সাহায্যে স্কেলার রাশি ও ভেক্টর রাশির ব্যাখ্যা।  
৬.৩ সমান ভেক্টর, বিপরীত ভেক্টর ও অবস্থান ভেক্টরের ব্যাখ্যা।  
৬.৪ ভেক্টরের যোগ ও এর বিধির ব্যাখ্যা।  
৬.৫ ভেক্টরের বিয়োগের ব্যাখ্যা।  
৬.৬ ভেক্টরের স্কেলার গুনন ও একক ভেক্টরের ব্যাখ্যা।  
৬.৭ ভেক্টরের সাহায্যে বিভিন্ন সমস্যার সমাধান।

৭ ত্রিকোণমিতিঃ


- ৭.১ পরিমাপের ব্যাখ্যা।  
৭.২ রেডিয়ান পরিমাপ ও ডিগ্রি পরিমাপের পারস্পরিক সম্পর্ক নির্ণয়।  
৭.৩ অনূর্ধ্ব  $2\pi$  এর আদর্শ কোণ ও সংযুক্ত কোণের ত্রিকোণমিতিক অনুপাত নির্ণয়।  
৭.৪  $-\theta$  কোণের ত্রিকোণমিতিক অনুপাত নির্ণয়।  
৭.৫ সহজ ত্রিকোণমিতিক সমীকরণের সমাধান।


৮ স্থানাংক জ্যামিতিঃ

- ৮.১ আয়তাকার ও কার্তেসীয় স্থানাংক পদ্ধতির ব্যাখ্যা।  
৮.২ দুইট বিন্দুর মধ্যবর্তী দূরত্ব নির্ণয়।  
৮.৩ সরলরেখার ঢালের ব্যাখ্যা।  
৮.৪ সরলরেখার সমীকরণ নির্ণয়।  
৮.৫ স্থানাংক পদ্ধতিতে ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয়।  
৮.৬ বাহুর দৈর্ঘ্য ব্যবহার করে ত্রিভুজাকৃতি ও চতুর্ভুজাকৃতি ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয়।

**Recommended Books:** উচ্চতর গণিত (নবম-দশম) শ্রেণী।

**Website Link:** [https://drive.google.com/file/d/1IQLDyq1E14Sf8Ntj0CD\\_y1DRW0X5J-rT/view](https://drive.google.com/file/d/1IQLDyq1E14Sf8Ntj0CD_y1DRW0X5J-rT/view)

  
-26/2/20

  
26/2/20





# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

শের-ই-বাংলা নগর আগারগাঁও,

ঢাকা-১২০৭

[www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)



সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (REMEDIAL COURSE) সম্পন্ন করলে সাধারণ, মাদ্রাসা এবং কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষাধারার যথাক্রমে বিজ্ঞান, দাখিল (বিজ্ঞান) ও এসএসসি (ভোকঃ)/দাখিল (ভোকঃ) ব্যতীত অন্যান্য বিভাগের (Non-Science) শিক্ষার্থীরা ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে।

## কোর্স স্ট্রাকচার ও সিলেবাস

(২০২১-২০২২ শিক্ষাবর্ষ হতে কার্যকর হবে)

২৬/১২/২১

২৬/১২/২১

## পদার্থবিজ্ঞান

সিলেবাস (তৃতীয়)

### উদ্দেশ্যঃ

- বিজ্ঞান ব্যতীত এসএসসি পাস করা শিক্ষার্থীদের পদার্থবিজ্ঞানের মৌলিক ধারণার বিকাশ ঘটানো।
- শিক্ষার্থীদের মৌলিক বিজ্ঞানের পটভূমি গড়ে তোলার জন্য অর্থাৎ প্রযুক্তিগত বিষয় বোঝার জন্য পদার্থবিজ্ঞান প্রয়োজন।
- মৌলিক বৈজ্ঞানিক ধারণাগুলো বোঝার বিকাশ ঘটানো।
- একটি মৌলিক জ্ঞান এবং সাধারণ প্রকৌশল ও শিল্প উপকরণের ভৌত বৈশিষ্ট্যের ধারণার বিকাশ ঘটানো।

### ১. ভৌত রাশি ও পরিমাপঃ

- ১.১ পদার্থবিজ্ঞানের তাৎপর্য বর্ণনা কর।
- ১.২ ভৌত রাশি ও একক বর্ণনা কর।
- ১.৩ পরিমাপের একক এর সংজ্ঞা দাও।
- ১.৪ পরিমাপের এককের পদ্ধতিগুলো উল্লেখ কর।
- ১.৫ এককের মাত্রা ও মাত্রা সমীকরণের সংজ্ঞা দাও।
- ১.৬ পরিমাপের ত্রুটি ব্যাখ্যা কর।
- ১.৭ বৈজ্ঞানিক প্রতীক ও রাশির সংকেত উল্লেখ কর।

### ২. গতি ও গতির সমীকরণঃ


- ২.১ গতির সংজ্ঞা দাও।
- ২.২ গতির প্রকারভেদ উল্লেখ কর।
- ২.৩ অদিক রাশি ও দিক রাশির সংজ্ঞা দাও।
- ২.৪ দূরত্ব, সরণ, দ্রুতি ও বেগের সংজ্ঞা দাও।
- ২.৫ ত্বরণ ও মন্দনের সংজ্ঞা দাও।
- ২.৬ গতির সমীকরণ গুলো প্রতিপাদন কর।


### ৩. বলঃ

- ৩.১ জড়তার সংজ্ঞা ও বলের ধারণা দাও।
- ৩.২ নিউটনের গতি সূত্র গুলো বর্ণনা কর।
- ৩.৩ ভরবেগের সংজ্ঞা দাও।
- ৩.৪ মহাকর্ষ ও মহাকর্ষ বলের সংজ্ঞা দাও।
- ৩.৫ নিউটনের মহাকর্ষ সূত্রটি বর্ণনা কর।
- ৩.৬ ভর ও ওজনের পার্থক্য কর।
- ৩.৭ ঘর্ষণ বলের সংজ্ঞা দাও।

### ৪. কাজ, ক্ষমতা ও শক্তিঃ

- ৪.১ কাজ, ক্ষমতা ও শক্তির সংজ্ঞা দাও।
- ৪.২ অশ্ব ক্ষমতার সংজ্ঞা দাও।

  
২৬/১২/২০

  
২৬/১২/২০





- ৪.৩ স্থিতি শক্তি ও গতি শক্তির সংজ্ঞা দাও।
- ৪.৪ শক্তির প্রকারভেদ বর্ণনা কর।
- ৪.৫ শক্তির নিত্যতার মূলনীতি বর্ণনা কর।

#### ৫. পদার্থের অবস্থা ও চাপঃ

- ৫.১ চাপ, ঘনত্ব ও সান্দ্রতার সংজ্ঞা দাও।
- ৫.২ তরলের ভেতর চাপ বর্ণনা কর।
- ৫.৩ আর্কিমিডিসের সূত্রের বিবৃতি ও প্লবতার সংজ্ঞা দাও।
- ৫.৪ স্থিতিস্থাপকতা ও স্থিতিস্থাপক সীমার সংজ্ঞা দাও।
- ৫.৫ পীড়ন ও বিকৃতির সংজ্ঞা দাও।
- ৫.৬ হকের সূত্রটি বিবৃত কর।

#### ৬. বস্তুর উপর তাপের প্রভাবঃ


- ৬.১ তাপ ও তাপমাত্রার সংজ্ঞা দাও।
- ৬.২ তাপের বিভিন্ন এককের বর্ণনা কর।
- ৬.৩ তাপমাত্রা পরিমাপের বিভিন্ন স্কেলের বর্ণনা কর।
- ৬.৪ পদার্থের তাপীয় প্রসারণের সংজ্ঞা দাও।
- ৬.৫ আপেক্ষিক তাপ ও সুপ্ততাপের সংজ্ঞা দাও।
- ৬.৬ ক্যালরিমিতির মূলনীতি বর্ণনা কর।
- ৬.৭ তাপের পরিবহন, পরিচলন ও বিকিরণের সংজ্ঞা দাও।
- ৬.৮ তাপ গতিবিদ্যা ও এনট্রপির বর্ণনা কর।


#### ৭. তরঙ্গ ও শব্দঃ

- ৭.১ সরল দোলন গতির সংজ্ঞা দাও।
- ৭.২ তরঙ্গ ও শব্দ তরঙ্গের সংজ্ঞা দাও।
- ৭.৩ শব্দের প্রতিধ্বনি বর্ণনা কর।
- ৭.৪ অবশুতি শব্দ ও শ্রবণোত্তর শব্দের সংজ্ঞা দাও।
- ৭.৫ শব্দের বেগের সংজ্ঞা দাও।

#### ৮. আলোঃ

- ৮.১ দীপ্তিমিতি, দীপনমাত্রা, আলোক মুহুর্ত, উজ্জ্বল্য ও দীপন ক্ষমতার সংজ্ঞা দাও।
- ৮.২ আলোর প্রতিফলনের সংজ্ঞা দাও।
- ৮.৩ দর্পণের সংজ্ঞা দাও এবং দর্পণের প্রকারভেদ উল্লেখ কর।
- ৮.৪ আলোর প্রতিফলনের সূত্রটি বর্ণনা কর।
- ৮.৫ প্রতিবিম্ব ও বিবর্ধন ব্যাখ্যা কর।
- ৮.৬ আলোর প্রতিসরণের সংজ্ঞা দাও।
- ৮.৭ আলোর প্রতিসরণের সূত্রটি বর্ণনা কর।
- ৮.৮ লেন্সের সংজ্ঞা দাও।
- ৮.৯ লেন্সের প্রকারভেদ উল্লেখ কর।
- ৮.৯ লেন্সের ক্ষমতার সংজ্ঞা দাও।

  
26/2/20

  
26/2/20






## ৯. আধুনিক পদার্থবিজ্ঞানঃ

- ৯.১ পরিবাহী, অর্ধপরিবাহী ও অপরিবাহীর সংজ্ঞা দাও।
- ৯.২ ক্ষরণ নলের বর্ণনা দাও।
- ৯.৩ ক্যাথোড রশ্মি ও এক্সরে এর সংজ্ঞা দাও।
- ৯.৪ তেজস্ক্রিয়তার সংজ্ঞা দাও।
- ৯.৫ তেজস্ক্রিয় রশ্মিগুলো উল্লেখ কর।
- ৯.৬ স্থান, কাল ও ভরের সংজ্ঞা দাও।
- ৯.৭ স্থিতি ভরের সংজ্ঞা দাও।

## Reference Books:

Physics for Class Nine and Ten-

by – NCTB (www.nctb.gov.bd)

  
26/12/21

  
26/12/21





সমন্বিত পুনর্বিবেচনা কোর্স (REMEDIATIONAL COURSE) পূরণ করার অর্থ হল, সচরাচর একই  
শ্রেণির বা পড়াকালে শিক্ষার্থীর অসাধারণ শিলা, মনো (বিশেষ) ও অন্যান্য (কোম্পিউটার/সিএস) ইত্যাদি  
সংশ্লিষ্ট বিষয় (যেমন Science) বিষয়ক বিষয়ক ইন ইনসিটরিয়েন্স ও বিজ্ঞান ইন  
টেকনোলজি ইত্যাদি বিষয়ক বিষয়ক কোর্স কোর্স করে নিয়মিত হবে।

কোর্স স্ট্রাকচার ও সিলেবাস

(২০২১-২০২২ শিক্ষাবর্ষ হতে কার্যকর হবে)











# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

শের-ই-বাংলা নগর, আগারগাঁও

ঢাকা-১২০৭

[www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ১ম পর্বে ভর্তিচ্ছু বিজ্ঞান ব্যতীত অন্যান্য বিভাগের (Non-Science) শিক্ষার্থীদের বিজ্ঞান ও গণিতে শিখনস্বল্পতা (Learning Gap) দূরীকরণের লক্ষ্যে সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (Remedial Course) সম্পন্নকরণ সংক্রান্ত নীতিমালা- ২০২১

২৬/২/২১

২৬/২/২১

২৬/২/২১

সূচিপত্র

ক্রম	বিষয়ের নাম	পৃষ্ঠা নম্বর
১.	প্রস্তাবনা	০৩
২.	শিরোনাম ও প্রবর্তন	০৩
৩.	সংজ্ঞা	০৩
৪.	সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (Remedial Course) সংক্রান্ত তথ্যাদি	০৪
৫.	সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (Remedial Course) সিলেবাস	০৪
৬.	সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (Remedial Course) যোগ্যতা ও নিবন্ধন	০৪
৭.	পরীক্ষা গ্রহণ ও ফলাফল	০৪-০৫
৮.	ভর্তির বিষয়ে প্রচার কার্যক্রম	০৫
৯.	নীতিমালার কার্যকারিতা ও প্রশাসনিক ব্যবস্থা	০৫-০৬
১০.	সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (Remedial Course) এ ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলি	০৬

২৬/১২/২১

২৬/১২/২১

২৬/১২/২১

১.০ **প্রস্তাবনাঃ** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ১ম পর্বে ভর্তিচ্ছু শিক্ষার্থী যারা সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং কারিগরি শিক্ষা বোর্ড হতে যথাক্রমে: বিজ্ঞান ও দাখিল (বিজ্ঞান) এবং এসএসসি (ভোক:)/দাখিল (ভোক:) ব্যতীত অন্যান্য বিভাগ হতে এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এসএসসি/সমমান পরীক্ষায় পাস করেছেন সেসকল শিক্ষার্থীদের বিজ্ঞান ও গণিতে শিখনস্বল্পতা (Learning Gap) দূরীকরণের লক্ষ্যে বিগত ২৪/০৫/২০২১ খ্রি. তারিখে মাননীয় শিক্ষামন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট বিষয় বিশেষজ্ঞগণের মতামতের পরিপ্রেক্ষিতে ৬ সপ্তাহের সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (Remedial Course) এর রূপরেখা প্রণয়ন করা হয়েছে। সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (Remedial Course) সম্পন্নকরণের লক্ষ্যে এ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করা সমীচীন। এতদুদ্দেশ্য পূরণের জন্য সংশ্লিষ্ট শিক্ষার্থীদের সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (Remedial Course) সম্পন্নকরণ সম্পর্কিত নীতিমালা-২০২১ প্রণয়ন করা হলোঃ

২.০ **শিরোনাম ও প্রবর্তনঃ**

(১) এ নীতিমালা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ১ম পর্বে ভর্তিচ্ছু শিক্ষার্থী যারা সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং কারিগরি শিক্ষা বোর্ড হতে যথাক্রমে: বিজ্ঞান ও দাখিল (বিজ্ঞান) এবং এসএসসি (ভোক:)/দাখিল (ভোক:) ব্যতীত অন্যান্য বিভাগ হতে এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এসএসসি/সমমান পরীক্ষায় পাস করেছেন সেসকল শিক্ষার্থীদের বিজ্ঞান ও গণিতে শিখনস্বল্পতা (Learning Gap) দূরীকরণের লক্ষ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রস্তুতকৃত সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (Remedial Course) সম্পন্নকরণ সম্পর্কিত নীতিমালা-২০২১ নামে অভিহিত হবে।

(২) এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

৩.০ **সংজ্ঞাঃ** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকলে এ নীতিমালায়-


(ক) “বোর্ড” বলতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডকে বোঝাবে;


(খ) “কলেজ ও “ইনস্টিটিউট” বলতে এই কোর্স সম্পন্নকরণের জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত শিক্ষা প্রতিষ্ঠানকে বোঝাবে;

(গ) “নির্ধারিত ফরম” বলতে এই কোর্স সম্পন্নকরণের লক্ষ্যে বোর্ড কর্তৃক নির্ধারিত আবেদন ফরম বোঝাবে;

(ঘ) “শিক্ষার্থী” বলতে এই কোর্স সম্পন্নকরণের জন্য সাধারণ শিক্ষা বোর্ড হতে মানবিক, বাণিজ্য বিভাগে ও মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে দাখিল বিজ্ঞান ব্যতীত অন্যান্য বিভাগ হতে এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে যেকোন সালে এসএসসি/সমমান পাস করেছেন এমন আগ্রহী ছাত্র ও ছাত্রী উভয়কে বোঝাবে;

(ঙ) “সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স” (Remedial Course) বলতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ১ম পর্বে ভর্তিচ্ছু শিক্ষার্থী যারা সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং কারিগরি শিক্ষা বোর্ড হতে যথাক্রমে: বিজ্ঞান ও দাখিল (বিজ্ঞান), এসএসসি (ভোক:)/দাখিল (ভোক:) ব্যতীত অন্যান্য বিভাগ হতে এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এসএসসি/সমমান পরীক্ষায় পাস করেছেন সেসকল শিক্ষার্থীদের বিজ্ঞান ও গণিতে শিখনস্বল্পতা (Learning Gap) দূরীকরণের লক্ষ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রস্তুতকৃত কোর্সকে বোঝাবে।

  
২৬/১২/২১

  
২৬/১২/২১





- (চ) **Non-Science** বলতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ১ম পর্বে ভর্তিচ্ছু শিক্ষার্থী যারা সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা শিক্ষা এবং কারিগরি শিক্ষা বোর্ড হতে যথাক্রমে: বিজ্ঞান ও দাখিল (বিজ্ঞান), এসএসসি (ভোক:)/দাখিল (ভোক:) ব্যতীত অন্যান্য বিভাগ হতে এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এসএসসি/সমমান পরীক্ষায় পাস করেছেন সেসকল শিক্ষার্থীদেরকে বোঝাবে।
- ৪.০ সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (**Remedial Course**) সংক্রান্ত তথ্যাদিঃ
- ৪.১ এই কোর্সের ০৬ (ছয়) সপ্তাহের পাঠ্যসূচি সংযোজনী-১ মোতাবেক হবে;
- ৪.২ এই কোর্স নন-ক্রেডিট কোর্স হিসেবে বিবেচিত হবে;
- ৪.৩ এই কোর্সের মেয়াদ হবে কমবেশি ০৬ (ছয়) সপ্তাহ; রেজিস্ট্রেশনের বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে সর্বোচ্চ ০৬ সপ্তাহ পর পরীক্ষা অনুষ্ঠিত হবে ;
- ৪.৪ এই কোর্সের জন্য নির্ধারিত সিলেবাসের বিষয়বস্তুর উপর বোর্ড কর্তৃক ঘোষিত নির্ধারিত সময়সীমার মধ্যে রেজিস্ট্রেশনপূর্বক পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে সংশ্লিষ্ট শিক্ষার্থী বোর্ড কর্তৃক ঘোষিত ভর্তির নীতিমালা অনুযায়ী এসএসসি পরীক্ষায় নির্ধারিত জিপিএ থাকা সাপেক্ষে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ১ম পর্বে ভর্তির আবেদনের জন্য যোগ্য বলে বিবেচিত হবে;
- ৫.০ সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (**Remedial Course**) এর সিলেবাসঃ
- ৫.১ সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (**Remedial Course**) এর সিলেবাস বোর্ডের ওয়েবসাইটে নির্ধারিত সময়ে পাওয়া যাবে। শিক্ষার্থী নিজ উদ্যোগে প্রস্তুতি সম্পন্ন করবে। তবে পরীক্ষা শুধুমাত্র বোর্ড কর্তৃক নির্ধারিত সরকারি প্রতিষ্ঠানসমূহে অনুষ্ঠিত হবে;
- ৫.২ পরীক্ষার সাথে প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট জনবল বোর্ড কর্তৃক নির্ধারিত হারে সন্মানী/পারিশ্রমিক প্রাপ্য হবেন। যা এই কোর্সের নিবন্ধনকৃত শিক্ষার্থীদের নিকট হতে আদায় করা হবে।
- ৬.০ সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (**Remedial Course**) যোগ্যতা ও নিবন্ধনঃ
- ৬.১ ন্যূনতম শিক্ষাগত যোগ্যতাঃ সাধারণ শিক্ষা বোর্ড হতে মানবিক, বাণিজ্য বিভাগে ও মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে দাখিল (বিজ্ঞান) ব্যতীত অন্যান্য বিভাগ হতে এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে জিপিএ ২.০০ প্রাপ্ত যে কোন সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে;
- ৬.২ এই কোর্সের পরীক্ষায় অংশগ্রহণের জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে **Online-এ** নিবন্ধন করতে হবে;
- ৬.৩ এই কোর্সের নিবন্ধন নম্বর শিক্ষার্থীকে নিজ উদ্যোগে সংরক্ষণ করতে হবে। যা পরবর্তীতে ভর্তির আবেদনের সময় প্রয়োজন হবে।
- ৭.০ পরীক্ষা গ্রহণ ও ফলাফলঃ
- ৭.১ কোর্সের পরীক্ষার জন্য নির্ধারিত প্রতিষ্ঠানঃ সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, সরকারি টেক্সটাইল ইনস্টিটিউট, সরকারি মনোটেকনিক ইনস্টিটিউট ও সরকারি মেরিন ইনস্টিটিউট এবং যে জেলার সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট নেই সেসকল জেলায় টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ কেন্দ্রসমূহ প্রয়োজনবোধে পরীক্ষার জন্য নিকটবর্তী শিক্ষা প্রতিষ্ঠানকে ভেন্যু হিসেবে ব্যবহার করতে পারবে;
- ৭.২ পরীক্ষানুষ্ঠানের সময়কালঃ উক্ত কোর্সের সিলেবাস বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের পর বোর্ড কর্তৃক ঘোষিত তারিখ/সময়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে;

২৬/১২/২৩


২৬/১২/২৩


- ৭.৩ সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (Remedial Course) এর পরীক্ষা বোর্ড নির্ধারিত কেন্দ্রে অনুষ্ঠিত হবে;
- ৭.৪ পরীক্ষার উত্তরপত্র বোর্ড মূল্যায়নপূর্বক ফলাফল প্রকাশ করবে;
- ৭.৫ এ পরীক্ষার উত্তীর্ণ মান হবে প্রতি বিষয়ে ৪০%;
- ৭.৬ সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (Remedial Course) এর নিবন্ধনসহ সার্বিক কার্যক্রমের জন্য ২০০ (দুইশত) টাকা ফি নির্ধারিত থাকবে;
- ৭.৭ আদায়কৃত অর্থের মধ্যে ১২৫ টাকা বোর্ডের প্রাপ্য হবে যা প্রশ্নপত্র প্রণয়ন, পরীক্ষার উত্তরপত্র তৈরি, প্রশ্নপত্র মুদ্রণের জন্য প্রয়োজনীয় কাগজ সরবরাহ, উত্তরপত্র সংগ্রহ, উত্তরপত্র মূল্যায়ন প্রভৃতির জন্য ব্যয় করা হবে। অবশিষ্ট ৭৫ টাকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এই পরীক্ষার প্রশ্নপত্র মুদ্রণ, পরীক্ষানুষ্ঠানের যাবতীয় খরচ, বোর্ড হতে প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ ও জমাদান ইত্যাদি কাজের জন্য ব্যয় করবে।
- ৮.০ কোর্সের প্রচার কার্যক্রমঃ
- ৮.১ বোর্ড কর্তৃক কোর্সের প্রচারণা সংক্রান্ত একটি কমিটি গঠন করে ভর্তি ও প্রচারণা কার্যক্রম পরিচালনা করতে হবে;
- ৮.২ কোর্সের কার্যক্রম প্রচারের জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে পোস্টার/লিফলেট/স্টিকার বিতরণ এবং সংশ্লিষ্ট এলাকায় মাইকিং এর ব্যবস্থা গ্রহন করতে হবে।
- ৯.০ নীতিমালার কার্যকারিতা ও প্রশাসনিক ব্যবস্থাঃ
- ৯.১ দেশের সকল সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে ১ম পর্বে ভর্তিচ্ছু শিক্ষার্থী যারা সাধারণ শিক্ষা বোর্ড হতে মানবিক, বাণিজ্য বিভাগে ও মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে দাখিল (বিজ্ঞান) ব্যতীত অন্যান্য বিভাগ হতে এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে যে কোন সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন সেসকল শিক্ষার্থীদের ২০২১-২০২২ শিক্ষাবর্ষ হতে ভর্তির ক্ষেত্রে সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্সে (Remedial Course) নীতিমালা-২০২১ প্রযোজ্য হবে;
- ৯.২ শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে এ নীতিমালার কোনরূপ ব্যত্যয় ঘটানো হলে যেমনঃ উত্তীর্ণ না হওয়া/প্রত্যয়ন পত্র ব্যতীত ভর্তি করা হলে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে পাঠদানের অনুমতি বা স্বীকৃতি বাতিল করা হবে;
- ৯.৩ সরকারি কারিগরি প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ নীতিমালায় কোনরূপ ব্যত্যয় ঘটানো হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে;
- ৯.৪ এই নীতিমালা শুরুর তারিখ হতে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে;
- ৯.৫ এ নীতিমালার কোন ধারা/ধারাসমূহের অথবা অনুল্লিখিত কোন বিষয়ের ব্যাখ্যা প্রদানের অধিকার বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে এবং বোর্ডের ব্যাখ্যাই চূড়ান্ত বলে বিবেচিত হবে;
- ৯.৬ এ ছাড়া এ নীতিমালার যে কোন ধরনের সংযোজন ও বিয়োজনের ক্ষমতা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের উপর অর্পিত থাকবে;

২০/১২/২০

২০/১২/২০

- ৯.৭ সংশ্লিষ্ট শিক্ষার্থীদের জন্য সরকারি ও বেসরকারি সকল প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্সের পরীক্ষায় উত্তীর্ণ হওয়া আবশ্যিক। তবে সরকারি প্রতিষ্ঠানে ভর্তির সময়সীমা শেষ হওয়ার পর কোন শিক্ষার্থী যদি প্রথম বার সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (Remedial Course) এর পরীক্ষায় অনুত্তীর্ণ কিংবা অংশগ্রহণ না করে তবে তাদের চাহিদার ভিত্তিতে বোর্ড প্রয়োজনবোধে সর্বোচ্চ আরও একবার অর্থাৎ দ্বিতীয় বার তারিখ ঘোষণা করে শিক্ষার্থী একই প্রক্রিয়া অনুসরণপূর্বক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য, দ্বিতীয় বারের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ঐ শিক্ষাবর্ষে শুধুমাত্র বেসরকারি প্রতিষ্ঠানসমূহে ভর্তির আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবে;
- ৯.৮ শিক্ষার্থী উক্ত পরীক্ষায় একবার উত্তীর্ণ হলে চলমান শিক্ষাবর্ষের পরবর্তী সকল শিক্ষাবর্ষে বর্ণিত শিক্ষাক্রমের সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে ভর্তির আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।
- ১০.০ সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (Remedial Course) এ ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলিঃ
- ১০.১ ২০২১-২০২২ শিক্ষাবর্ষে সক্ষমতা বৃদ্ধিমূলক কোর্স (Remedial Course) এ ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd) এবং সংশ্লিষ্ট কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের/অধিদপ্তর/প্রতিষ্ঠানের ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে।

  
26/2/22

  
26/2/22



